তারিখ ..27 DEC 2017.....
পৃঃ ...২...... কলাম ২.........

# ছয় কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল

■ সমকাল প্রতিবেদক

অবৈধ ও অননুমোদিত ব্যানার-বিলবোর্ড লাগানোর দায়ে ছয় কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। এগুলোর অবস্থান রাজধানীর ফার্মগেট এলাকায়। এগুলো হলো ইউসিসি কোচিং সেন্টার, ইউনি এইড কোচিং সেন্টার, আইকন কোচিং সেন্টার, আইকন প্লাস কোচিং সেন্টার, ওমেগা কোচিং সেন্টার ও প্যারাগন কোচিং সেন্টার।

ডিএনসিসির প্রধান রাজস্ব কর্মকর্তা রবীন্দ্রশ্রী বড়ুয়া এ প্রসঙ্গে সমকালকে বলেন, ফার্মগেট এলাকায় বিপুলসংখ্যক কোচিং সেন্টার ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## ছয় কোচিং সেন্টারের

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

পরিচালিত হয়। সিটি করপোরেশনের কাছ থেকে কোনো অনুমতি না নিয়ে কোচিং সেন্টারগুলো বিজ্ঞাপন বিলবোর্ড-ব্যানারের মাধ্যমে চালিয়ে আসছিল। এতে এলাকার সৌন্দর্যহানি হচ্ছিল। বিষয়টি নিয়ে কোচিং সেন্টারগুলোর কর্তৃপক্ষের সঙ্গে ডিএনসিসির বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের অতীতে বৈঠক হয়। তাদের অনুরোধ করা হয়েছিল ওইসব অবৈধ ব্যানার-ফেস্টুন নিজ উদ্যোগে সরিয়ে নিতে। কিছু কোচিং সেন্টার নিজ উদ্যোগে সরিয়ে নিলেও কিছু কোচিং সেন্টার সেগুলো অপসারণ করেনি। যারা করেনি তাদের ট্রেড লাইসেন্স বাতিল করা হয়েছে।

ডিএনসিসি জানিয়েছে, দেয়াল লিখন ও পোস্টার নিয়ন্ত্রণ আইন সিটি করপোরেশন (ট্যাক্সেশন) রুলস অনুযায়ী কোচিং সেন্টারগুলোর ট্রেড লাইসেন্স বাতিল করা হয়েছে। রবীন্দ্রশ্রী বড়ুয়া বলেন, ট্রেড লাইসেন্স বাতিলই তাদের জন্য সবচেয়ে বড় শাস্তি। এখন ওই কোচিং সেন্টারগুলো আর কোচিং ব্যবসা করতে পারবে না।